# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৯৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০৫. কেউ খুঁটি, বা অনুরূপ কিছু সামনে রেখে সালাতে দাঁড়ালে তা কোথায় রাখবে?

باب إِذَا صَلَّى إِلَى سَارِيَةٍ أَوْ نَحْوِهَا أَيْنَ يَجْعَلُهَا مِنْهُ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ خَالِدٍ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا أَبُو عُبَيْدَةَ الْوَلِيدُ بْنُ كَامِلٍ، عَنِ الْمُهَلَّبِ بْنِ حُجْرٍ الْبَهْرَانِيِّ، عَنْ ضُبَاعَةَ بِنْتِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ، عَنْ أَبِيهَا، قَالَ مَا رَأَيْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يُصَلِّي إِلَى عُودٍ وَلاَ عَمُودٍ وَلاَ شَجَرَةٍ إِلاَّ جَعَلَهُ عَلَى حَاجِبِهِ الأَيْمَنِ أَوِ الأَيْسَرِ وَلاَ يَصْمُدُ لَهُ صَمْدًا .

ـ ضعيف : المشكاة ٧٨٣

বাংলা

৬৯৩। দুবা’আহ বিনতু মিক্বদাদ ইবনুল আসওয়াদ হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি (মিক্বদাদ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, তিনি (সুতরাহ হিসেবে) কোন লাকড়ি, স্তম্ভ বা গাছের দিকে ফিরে সালাত আদায় করলে ওগুলোকে নিজের ডান অথবা বাম পাশে রাখতেন, দু’ চোখের ঠিক মাঝ বরাবর রাখতেন না।[1]

দুর্বল : মিশকাত ৭৮৩।

## English

Narrated Al-Miqdad ibn al-Aswad:

I never saw the Messenger of Allah (ﷺ) praying in front of a stick, a pillar, or a tree, without having it opposite his right or left eyebrow, and not facing it directly.

## ফুটনোট

[1] আহমাদ (৬/৪) এর সনদে আবূ উবাইদাহ ওয়ালীদ ইবনু কামিল রয়েছে। ইবনু হিব্বান তাকে সিক্বাহ বলেছেন। হাফিয বলেন, তিনি হাদীস বর্ণনায় শিথিল। ইমাম বুখারী বলেন, তার নিকট আশ্চর্যকর বস্তু আছে। আল্লামা মুনযিরী বলেন, তার ব্যাপারে সমালোচনা আছে। এছাড়া সনদে মুহাল্লাব ইবনু হুজর অজ্ঞাত এবং যুবা‘আহ বিনতু মিক্বদাদকে চেনা যায়নি। অনুরূপ রয়েছে ‘আত-তাক্বরীব’ গ্রন্থে। ইবনু কাত্তান বলেন, সনদে উক্ত তিনজন বর্ণনাকারীই অজ্ঞাত। ‘আব্দুল হাক্ব বলেন এর সনদ মজবুত নয়।

মিশকাতের তাহক্বীক্বে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ সনদটি দুর্বল। সনদে একজন দুর্বল ও একজন অজ্ঞাত লোক রয়েছে। অতঃপর এর সনদ ও মাতান মুযতারিব (উলটপালট)। একদল একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন